পাবলো নেরুদার বিখ্যাত কবিতা

I Explain A Few Things

এর বাংলা

বিনির্মিত রূপ

'না হয় কিছু জিনিস বুঝিয়ে বলছি।'

বিনির্মাণে : বিশিষ্ট কবি ও গল্পকার

সাধন দাস মহাশয়

না হয় কিছু জিনিস বুঝিয়ে বলছি।

যদি জিজ্ঞেস করো, অপরাজিতা ফুলেরা কোথায়?
আফিমফুলের পাপড়ি চাপা বাস্তবচেতনা?
আর ঘুরেফিরে টিপটিপ টিপটিপ
ঝরে যাওয়া বৃষ্টি ফোঁটার
শেষবিন্দু পর্যন্ত ভিজে
পাখিরা কী বলছে,
সে সব খবর তোমাদের বলবো।

আমি থাকতাম মাদ্রিদের উপকণ্ঠে
ওখানে ঘন্টা বাজতো,
ঘড়ি চলতো,
অনেক গাছপালা ছিলো।

সেখান থেকে দেখতাম
কাস্তিলার শুকনো মুখ
আর চামড়া হয়ে যাওয়া সমুদ্র।
আমার বাড়ির নাম ছিলো ফুলভিটে।
ফাটলে ফোকড়ে সর্বত্র
ছয়লাপ হয়ে থাকতো
ঝাঁক ঝাঁক রঙ্গন ফুলের রঙ বেরঙ।
রাউল, রাফেল,
তোদের মনে পড়ে?
শিশু, কুকুর, চেঁচামেচি সব মিলিয়ে
কী অপূর্ব মনভোলানো ছিলো বাড়িটা!
ফেদেরিকো,
তোর মনে পড়ে?
জুনমাসে
ফুলে ফুলে ছেয়ে থাকতো ব্যালকনি।
মাটির তলা থেকে উঠে আসা আলোয়
ভরে থাকতো তোর মুখ।
হাঃ! ভাই আমার!!

আমার উপনগরী আর্গুয়েলির
সব কিছু,
সারি সারি দোকানপাট,
চাক চাক হেক মাছের বাজার,
মাঝখানে কালিশূন্য দোয়াতের মতো স্থাপত্য,
দরাজ উঁচু গলার হৈ চৈ, নুনের ব্যবসাদারি,
বুক ঢিপ ঢিপ গরম রুটির ডাঁই,
চামচ বেয়ে গড়িয়ে পড়া তেল,
হাত পায়ের হৈহৈ হট্টগোলে
ভরে থাকতো রাস্তা।
লিটারে মিটারে
কাঁটায় কাঁটায় মাপ চলতো
স্তুপাকার মাছের,
জীবনের।
ঠাণ্ডা হয়ে আসা
সূর্য দিয়ে বোনা ছাদে
নড়বড়ে হাওয়ানিশান।
হাতির দাঁতের মতো সূক্ষ্ম কারুকাজ করা
আড়ৎভরা আলু,
সমুদ্র থেকে গড়িয়ে নামা ঢেউ,
ঢেউয়ের পরে ঢেউয়ের মতো
টমেটোর ঢল।

একদিন সকালে
সব দাউদাউ করে জ্বলে উঠলো।
সাতসকালেই শুরু হয়ে গেলো আগুনের উৎসব।
মাটি ফুঁড়ে লাফিয়ে লাফিয়ে লেলিহান হাঁ
টপাটপ গিলছিলো মানুষ।
সেই থেকে আগুন...
সেই থেকে বুলেট, বন্দুক, বেয়নেট...
সেই থেকে রক্ত...

মাঠকে মাঠ
উঠোনকে উঠোন
দস্যুরদল।
সুন্দরী রমনী,
তাদের বিয়ের আংটি লুটে নেওয়া

দস্যুরদল।
বিষানো আশীর্বাদের যাজক নিয়ে
দস্যুরদল
শিশুদের হত্যা করতে
আকাশব্যেপে দস্যুরদল নেমে এলো।
কচিকচি শিশুর হাত পা ধড় মুণ্ড...
রক্ত রক্ত আর রক্ত...
স্রোতের বেগে গড়িয়ে গেলো রাস্তাজুড়ে...

শেয়াল দেখে শেয়ালও ধিক্কারে মুখ ঘুরিয়ে নিলো,
পাথরও মরা চিবোনো কাঁটাঝোপ
উগলে বমি করে থুতু ফেললো ঘেন্নায়।
সাপকে দেখে সাপও লজ্জায় পাশ কাটিয়ে গেলো।

তোমাদের মুখোমুখি
আমিও দেখেছি,
তোমাদের দম্ভ আর চাকু
এক ঝাপটায় ডুবিয়ে মারতে
মিনারের মতো
ঢেউ তুলে ছুটে আসছে
স্পেনের রক্ত সমুদ্র।

মীরজাফর জেনারেলেরদল
দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখলে--
আমার বাড়িটা ভেঙে পড়লো।
গুঁড়িয়ে গেলো স্পেন।
ফুলের বদলে
বাড়ি বাড়ি জ্বলে উঠলো আগুন।
দরজা জানালা ফুঁড়ে স্রোত বইলো
গনগনে লাভার।
স্পেনের প্রতিটা ফাটল চুরমার করে
বেরিয়ে আসতে লাগলো
এক একটা আগজ্বলন্ত স্পেন।
প্রত্যেক মরা সন্তান হয়ে উঠলো
বিস্ফারিত চোখ রাইফেল।
অপরাধের পর অপরাধ থেকে
জন্ম নিলো বুলেট।

একদিন না একদিন ঢুকে যাবে
পাখির চোখ করে রাখা তোমাদের হৃদপিণ্ডে।

আর তোমরা অভিযোগ করবে,
কেনো কবিতা কেনো
স্বপ্নের কথা বলেনি,
কেনো সবুজপাতাদের কথা,
কেনো নাগরিকের বুকে
আগ্নেয়গিরিরি কথা বলেনি?

এসো দেখো
রক্তে ভেসে যাচ্ছে রাস্তা।
দেখো
রাস্তায় রক্ত ভেসে যাচ্ছে
রাস্তায় রাস্তায় রক্ত
রক্তে রক্তময়
রাস্তা
দেখো রক্ত
রাস্তাময়।

কবিতাঃ আই এক্সপ্লেইন এ ফিউ থিংস
কবিঃ পাবলো নেরুদা
বিনির্মাণঃ সাধন দাস

I Explain A Few Things

Poem

I Explain A Few Things
You are going to ask: and where are the lilacs?
and the poppy-petalled metaphysics?
and the rain repeatedly spattering
its words and drilling them full
of apertures and birds?
I'll tell you all the news.

I lived in a suburb,
a suburb of Madrid, with bells,
and clocks, and trees.

From there you could look out
over Castille's dry face:
a leather ocean.
My house was called
the house of flowers, because in every cranny
geraniums burst: it was
a good-looking house
with its dogs and children.
Remember, Raul?
Eh, Rafel?   Federico, do you remember
from under the ground
my balconies on which
the light of June drowned flowers in your mouth?
Brother, my brother!
Everything
loud with big voices, the salt of merchandises,
pile-ups of palpitating bread,
the stalls of my suburb of Arguelles with its statue
like a drained inkwell in a swirl of hake:
oil flowed into spoons,
a deep baying
of feet and hands swelled in the streets,
metres, litres, the sharp
measure of life,
stacked-up fish,
the texture of roofs with a cold sun in which
the weather vane falters,
the fine, frenzied ivory of potatoes,
wave on wave of tomatoes rolling down the sea.

And one morning all that was burning,
one morning the bonfires
leapt out of the earth

devouring human beings —
and from then on fire,
gunpowder from then on,
and from then on blood.
Bandits with planes and Moors,
bandits with finger-rings and duchesses,
bandits with black friars spattering blessings
came through the sky to kill children
and the blood of children ran through the streets
without fuss, like children's blood.

Jackals that the jackals would despise,
stones that the dry thistle would bite on and spit out,
vipers that the vipers would abominate!

Face to face with you I have seen the blood
of Spain tower like a tide
to drown you in one wave
of pride and knives!

Treacherous
generals:
see my dead house,
look at broken Spain :
from every house burning metal flows
instead of flowers,
from every socket of Spain
Spain emerges
and from every dead child a rifle with eyes,
and from every crime bullets are born
which will one day find
the bull's eye of your hearts.

And you'll ask: why doesn't his poetry
speak of dreams and leaves
and the great volcanoes of his native land?

Come and see the blood in the streets.
Come and see
The blood in the streets.
Come and see the blood
In the streets!

©Pablo Neruda